# ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়
মাদরাসা পরিদর্শন দফতর
www.iau.edu.bd iauins13@gmail.com
বছিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১।


স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/চ-২১৫/২০১৭/১৪৫০৩ তারিখ: ২৩ বৈশাখ ১৪৩২ বঙ্গাব্দ / ০৬ মে ২০২৫ খ্রিষ্টাব্দ

## অফিস আদেশ

পদিপাড়া ইসলামিয়া ফাজিল মাদরাসা, ডাকঘরঃ পদিপাড়া, উপজেলাঃ সোনাইমুড়ী, জেলাঃ নোয়াখালী-এর ফাজিল স্নাতক (পাস) বিএ/বিএসএস স্তরের অধিভুক্তি নবায়নের বিষয়ে অধ্যক্ষের ২৪-১১-২০২৪ তারিখের জমাকৃত আবেদন ও ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধিভুক্তি নবায়ন সংক্রান্ত বিধি অনুযায়ী গঠিত ০১ (এক) সদস্য বিশিষ্ট তদন্ত কমিটির দাখিলকৃত প্রতিবেদনের প্রেক্ষিতে মাদরাসাটির ফাজিল স্নাতক (পাস) বিএ/বিএসএস স্তর নিম্নবর্ণিত শর্তে **০১-০৭-২০২৫ থেকে ৩০-০৬-২০২৯** তারিখ পর্যন্ত ০৪ (চার) বছরের জন্য অধিভুক্তি নবায়ন করা হলো:

শর্তসমূহ :

১. প্রতিষ্ঠানের অবকাঠামো উন্নয়নসহ দ্রুত সময়ের মধ্যে নির্মাণাধীন ভবনের কাজ শেষ করে শিক্ষার অনুকূল পরিবেশ সৃষ্টি করতে হবে।
২. লাইব্রেরিতে বইয়ের সংখ্যা আরও বৃদ্ধি করে নতুন রেজিস্ট্রারে ক্রমানুসারে সকল বইয়ের নাম লিপিবদ্ধকরণ, ডেসপাস রেজিস্ট্রার খোলা এবং বই পড়ায় শিক্ষক ও শিক্ষার্থীদের উৎসাহিত করতে হবে;
৩. ক্লাসে শিক্ষার্থীদের উপস্থিতি নিশ্চিতকরণের পাশাপাশি ক্লাসে শিক্ষার্থীদের মূল কিতাব পড়াতে হবে;
৪. শূন্য পদে দ্রুত জনবল নিয়োগের ব্যবস্থা করে শিক্ষা উপকরণসহ সকল শিক্ষককে পাঠদানে আরও মনোযোগী হতে হবে;
৫. প্রতি তিনমাস পরপর অভিভাবক সমাবেশ করতে হবে এবং কুরআন শিক্ষার ওপর বিশেষ গুরুত্ব দিতে হবে;
৬. আরবি ও ইংরেজি ভাষায় শিক্ষার্থীদের বিশেষ দক্ষতা অর্জনের জন্য কার্যকরী পদক্ষেপ নিতে হবে;
৭. শিক্ষার্থীদেরকে কো-কারিকুলার একটিভিটিজ-এর প্রতি উৎসাহিত করতে হবে;
৮. আর্থিক সকল কার্যক্রম ব্যাংকের মাধ্যমে করত: বিল ভাউচারগুলো যথাযথভাবে সংরক্ষণসহ প্রতিষ্ঠানের সকল আয়-ব্যয় অডিট কমিটি কর্তৃক নিরীক্ষা শেষে যথাসময়ে গর্ভনিং বডির অনুমোদন নিতে হবে;
৯. কম্পিউটার ল্যাবের ব্যবস্থা করে তথ্য প্রযুক্তির ব্যবহার নিশ্চিতকরণ করতে হবে;
১০. ফাজিল স্তরে শিক্ষার্থীর সংখ্যা বৃদ্ধি ও তাদের উপস্থিতি নিশ্চিত করতে শিক্ষক, প্রতিষ্ঠান প্রধান ও পরিচালনা পর্ষদকে আরও আন্তরিক ও কার্যকর পদক্ষেপসহ ছাত্রীদের জন্য পৃথক কমনরুম, ওয়াশরুম ও আলাদা নামাজের ব্যবস্থা নিশ্চিত করতে হবে;
১১. অধিভুক্তি চলমান রাখতে সর্বশেষ জনবল কাঠামো অনুযায়ী কাঙ্খিত শিক্ষার্থী ভর্তি, পরীক্ষায় অংশগ্রহণ, সন্তোষজনক ফলাফল এবং আর্থিক বিষয়াদির স্বচ্ছতা নিশ্চিতকরণে সর্বদা সতর্ক থাকতে হবে;
১২. মাদরাসার সাইনবোর্ড ও প্যাডে বাংলা নামের পাশাপাশি আরবিতে মাদরাসার নাম এবং "ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় অধিভুক্ত" কথাটি লিখতে হবে;
১৩. অধিভুক্তি নবায়নের মেয়াদ উত্তীর্ণ হওয়ার কমপক্ষে ০৮ (আট) মাস পূর্বে পুন:নবায়নের জন্য আবেদন করতে হবে;

মাননীয় ভাইস চ্যান্সেলরের অনুমোদনক্রমে

২২/৬/৫/২৫

(মোঃ আইউব হোসেন)
রেজিস্ট্রার ও মাদরাসা পরিদর্শক (অতিরিক্ত দায়িত্ব)
মোবাইল: ০১৭০৫ ৪০৮০০১

অধ্যক্ষ, পদিপাড়া ইসলামিয়া ফাজিল মাদরাসা
ডাকঘরঃ পদিপাড়া, উপজেলাঃ সোনাইমুড়ী, জেলাঃ নোয়াখালী

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/চ-২১৫/২০১৭/১৪৫০৩ তারিখ: ২৩ বৈশাখ ১৪৩২ বঙ্গাব্দ / ০৬ মে ২০২৫ খ্রিষ্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো :

১. মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস (৭ম এবং ১০ম তলা), নিউ বেইলি রোড, রমনা, ঢাকা-১০০০।
২. চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, বকশীবাজার, ঢাকা-১২১১।
৩. রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, (একাডেমিক কমিটির সভায় রিপোর্ট করার জন্য)।
৪. পিএস টু ভিসি (দায়িত্বপ্রাপ্ত), ভাইস চ্যান্সেলর দপ্তর (ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়।
৫. আইসিটি বিভাগ, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৬. সভাপতি, পদিপাড়া ইসলামিয়া ফাজিল মাদরাসা, ডাকঘরঃ পদিপাড়া, উপজেলাঃ সোনাইমুড়ী, জেলাঃ নোয়াখালী।
৭. অফিস নথি।

06.05.2025
(আরিফ আহমদ)
সহকারী মাদরাসা পরিদর্শক
মোবাইল: ০১৭১৯ ৯৫০৭৭৫